



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা
www.bmeb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৯.২৩.৬০৪৭

২০ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ০৪ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: এডহক কমিটি অনুমোদনের আবেদন অনলাইনে দাখিল প্রসঙ্গে

সূত্র: (০১) নং বামাশিবো/প্রশা/326231020481/83678/নথি নং - 199, তারিখ: 05-12-2023 খ্রিঃ

(০২) জনাব ম: জাকির হোসেন কর্তৃক অনলাইনে দাখিলকৃত অভিযোগ (Application ID: 333241020481), তারিখ: ২৪/০৬/২০২৪খ্রিঃ.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলার বাউফল উপজেলাধীন কারখানা দারুল ইসলাম আলিম মাদ্রাসার (ইআইআইএন নম্বর: ১০২০৪৮) অধ্যক্ষ জনাব এইচ.এ.এম মোঃ হাবিবুর রহমান দীর্ঘদিন ধরে কোন ধরনের কমিটি গঠন করতেছেন না মর্মে জনাব মোঃ জাকির হোসেন কর্তৃক সূত্রোক্ত ০২নং স্মারকে অভিযোগ দাখিল করা হয়েছে। অনলাইন নথি পর্যালোচনা করে দেখা যায় গত ০৫/১২/২০২৩খ্রিঃ তারিখে অধ্যক্ষের আবেদনের প্রেক্ষিতে সূত্রোক্ত ০১নং স্মারকে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান করা হলেও অদ্যাবধি অধ্যক্ষ এডহক কমিটি গঠনপূর্বক অনুমোদনের জন্য কোন আবেদন করেন নাই। প্রশাসনিক ও একাডেমিক সকল কার্যকর্মে স্বচ্ছতা, জবাবদিহিতা ও শিক্ষার মানোন্নয়ন নিশ্চিতকল্পে গভার্ণিং বডি/এডহক কমিটির মাধ্যমে মাদ্রাসাটি পরিচালিত হওয়া আবশ্যিক।

এমতাবস্থায়, আগামী ১০ কার্যদিবসের মধ্যে এডহক কমিটি অনুমোদনের লক্ষ্যে অনলাইনে আবেদন করার জন্য মাদ্রাসাটির অধ্যক্ষ এইচ.এ.এম মোঃ হাবিবুর রহমান-কে বলা হলো, ব্যর্থতায় বিধি মোতাবেক উপাধ্যক্ষ (উপাধ্যক্ষ না থাকলে জ্যেষ্ঠ শিক্ষক) কে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করা হবে এবং তার মাধ্যমে এডহক কমিটি অনুমোদনের আবেদনসহ অন্যান্য সকল প্রশাসনিক ও একাডেমিক কার্যক্রম পরিচালনা করা হবে মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো।

০৪-০৭-২০২৪
প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার
info@bmeb.gov.bd

অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ, কারখানা দারুল ইসলাম আলিম মাদ্রাসা, বাউফল, পটুয়াখালী।

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৯.২৩.৬০৪৭/১(৭)

২০ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ০৪ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী;
- ২। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাউফল, পটুয়াখালী (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের অনুরোধসহ);
- ৩। জেলা শিক্ষা কর্মকর্তা, বরিশাল, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, পটুয়াখালী;
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, বাউফল, পটুয়াখালী;

৫। জনাব ম: জাকির হোসেন (অভিযোগকারী), গ্রাম: কারখানা, পোস্ট: কারখানা, উপজেলা: বাউফল, জেলা: পটুয়াখালী;

৬। পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং

৭। অফিস কপি (নথি নম্বর: ১৯৯)।



০৪-০৭-২০২৪

মোঃ ওমর ফারুক

উপ রেজিস্ট্রার

সকল সংযুক্তিসমূহ:

(১) অভিযোগ সংক্রান্ত কাগজপত্রের কপি